

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৮৮৬

আগরতলা, ২৯ নভেম্বর, ২০২৩

চম্ভাইবাড়ি দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ে আইনি পরিষেবা শিবির

ত্রিপুরা রাজ্য আইন সেবা পশ্চিম জেলা কর্তৃপক্ষের উদ্যোগে সম্প্রতি মান্দাই ব্লকের চম্ভাইবাড়ি দ্বাদশ শ্রেণী বিদ্যালয় প্রাঙ্গণে একদিনের আইনি পরিষেবা শিবির, বিকশিত ভারত সংকল্প যাত্রা ও প্রতি ঘরে সুশাসন ২.০ অভিযান বিষয়ে ক্ষেত্র পর্যায়ের শিবির অনুষ্ঠিত হয়। পশ্চিম ত্রিপুরা জেলা দায়রা আদালতের বিচারপতি সুভাশিষ শর্মা রায় এই শিবিরে উদ্বোধন করে বলেন, ভারতীয় সংবিধানে দেশের সাধারণ নাগরিকদের বিনামূল্যে আইনি পরিষেবা দেওয়ার জন্য অনেক আইন প্রচলিত আছে। যেগুলি সম্পর্কে সাধারণ মানুষ এখনো কিছুই জানেন না। এই শিবিরে সাধারণ মানুষকে সেই পরিষেবা দেওয়া হবে। তিনি বলেন, সমাজের প্রত্যেক মহিলা বিনামূল্যে আইনি পরিষেবা পেতে পারেন। এছাড়া চা-শ্রমিক, এসসি, এসটি সম্প্রদায়ের নাগরিকগণ, বাৎসরিক দেড়লক্ষ টাকার কম আয়ের পুরুষগণ বিনামূল্যে আইনি পরামর্শ ও পরিষেবা পেতে পারেন। তবে এ ক্ষেত্রে, জাল টাকা, নেশা জাতীয় দ্রব্য পাচার, ব্যবহার, মহিলা জনিত অপরাধের ক্ষেত্রে বিনামূল্যে কোন আইনি পরিষেবা দেওয়া হবে না। পশ্চিম জেলা চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট সৈকত দাসও ভারতীয় সংবিধানের বিভিন্ন মৌলিক অধিকার এবং এর পাশাপাশি নাগরিকদের দায়িত্ব ও কর্তব্যগুলি নিয়ে আলোচনা করেন।

শিবিরে বিকশিত ভারত সংকল্প যাত্রা ও প্রতিঘরে সুশাসন ২.০ অভিযান নিয়ে বিস্তারিত আলোচনা করেন জিরানীয়া মহকুমা ডিসিএম জনমেজয় চাকমা। এছাড়া সাইবার ক্রাইম বিষয়ে বিস্তারিত আলোচনা করেন ত্রিপুরা সাইবার ক্রাইম ব্রাঞ্চের প্রতিনিধি টিটন পাল। শিবিরে কৃষি ও কৃষক কল্যাণ দপ্তর থেকে কিভাবে ড্রোনের মাধ্যমে জমিতে সার ও কীটনাশক স্প্রে করা যায় তা প্রদর্শন করে দেখানো হয়। অগ্নিনির্বাপক দপ্তর থেকে বাড়িতে গ্যাস সিলিন্ডার থেকে আগুন লাগলে কি করতে হবে তা প্রদর্শন করে দেখানো হয়। এছাড়া অনুষ্ঠানে জেলা আইন সেবা কর্তৃপক্ষের পক্ষ থেকে ১ জন দিব্যাজনকে হুইল চেয়ার দেওয়া হয়। মান্দাই সিডিপিও কার্যালয় থেকে ২ জন গর্ভবতী মহিলাকে বিভিন্ন পুষ্টিকর খাদ্য সামগ্রী দেওয়া হয়। আরক্ষা দপ্তর থেকে ৫ জন যুবককে বিনামূল্যে হেলমেট দেওয়া হয়। মান্দাই প্রাণী সম্পদ বিকাশ কার্যালয় থেকে মুখ্যমন্ত্রী স্বনির্ভর পরিবার যোজনায় ২৫টি পরিবারকে ১০টি করে মোরগ দেওয়া হয়। এছাড়া শিবিরে বনদপ্তর থেকে আমলকি, বয়রা, জলপাই, গর্জন ইত্যাদি গাছের ৬০০ চারা বিতরণ করা হয়। মান্দাই মৎস্য বিভাগ থেকে ৭ জনকে কেসিসির মাধ্যমে ঋণ মঞ্জুর করা হয়েছে। ৩৫ জনের পুকুরের জলের নমুনা পরীক্ষা করা হয়েছে। মান্দাই কৃষি মহকুমা কার্যালয় থেকে ৬৩ জনকে এম আই ডি এইচ স্কিমে শীতকালীন সজীর বীজ দেওয়া হয়েছে। জিরানীয়া মহকুমা প্রশাসন কার্যালয় থেকে ৪ জনকে নতুন রেশন কার্ড, ১৩০ জনকে পি আর টি সি, ১১৭ জনকে এসটি, ১৯ জনকে ম্যারেজ এবং ৩৮ জনকে ইনকাম সার্টিফিকেট দেওয়া হয়েছে। শিবিরে স্বাগত বক্তব্য রাখেন ডিস্ট্রিক্ট অ্যাডিশনাল জজ শংকরলাল দত্ত।
